



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/17/2026

গভর্নর ক্যাথি হোকল

প্রাক্তন প্রতিনিধি রিচার্ড এল. ওটিঙ্গার এর সম্মানে গভর্নর হোকল স্টেটের পতাকাগুলি
অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন

**আগামীকাল 18 ফেব্রুয়ারি এবং প্রতিনিধি ওটিঙ্গার এর শেষকৃত্যের দিন নিউ ইয়র্ক
স্টেট জুড়ে পতাকা অর্ধনমিত রাখা হবে**

আজ গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), সোমবার, ফেব্রুয়ারি 16 তারিখে, 97 বছর বয়সে
প্রয়াত প্রাক্তন প্রতিনিধি Richard L. Ottinger (রিচার্ড এল. ওটিঙ্গার)-এর জীবন ও জনসেবার প্রতি
শ্রদ্ধা জানাতে বুধবার, 18 ফেব্রুয়ারি, পতাকা অর্ধনমিত রাখার নির্দেশ দিয়েছেন।

"প্রতিনিধি ওটিঙ্গার একজন উদার জনসেবক ছিলেন যিনি নিউ ইয়র্ককে সকলের জন্য একটি
উন্নত স্টেট হিসেবে গড়ে তোলায় বিশ্বাস করতেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।**
"কংগ্রেসে থাকাকালীন এবং অবসরকালীন সময়েও তিনি একজন বিশিষ্ট পরিবেশবাদী সমর্থক,
প্রতিনিধি ওটিঙ্গার আরও দীর্ঘস্থায়ী এবং পরিবেশগতভাবে সুরক্ষিত নিউ ইয়র্কের জন্য লড়াই
করার ক্ষেত্রে একজন দৃষ্টান্তস্বরূপ ব্যক্তিত্ব। ওটিঙ্গার পরিবার এবং তার সকল প্রিয়জনদের প্রতি
আন্তরিক সমবেদনা জানাই।"

একজন শীর্ষস্থানীয় পরিবেশবাদী সমর্থক, প্রতিনিধি ওটিঙ্গার 16 বছর ধরে কংগ্রেসে দায়িত্ব
পালন করেছেন, ওয়েস্টচেস্টার কাউন্টির সংখ্যাগরিষ্ঠ অংশের প্রতিনিধিত্ব করেছেন। 1965
সালে প্রথমবারের মতো মার্কিন প্রতিনিধি পরিষদে নির্বাচিত হন, প্রতিনিধি ওটিঙ্গার তিনটি পূর্ণ
মেয়াদে দায়িত্ব পালন করেন এবং 1975 সাল থেকে শুরু করে তার পরের দশকেও দায়িত্ব পালন
করেন। জীবিতাবস্থায় জনসেবার ক্ষেত্রে, প্রতিনিধি ওটিঙ্গার হাডসন রিভার পরিষ্কার, দূষণ রোধ
এবং নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের প্রচেষ্টায় নেতৃত্ব দিয়েছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)